অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের গৃহহীনতার সম্মুখীন জনগোষ্ঠীর সেবায় 4.3 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের সহায়ক আবাসন উন্নয়নের কাজ সম্পন্ন হওয়ার কথা ঘোষণা করেছেন

হাউজিং কানেকশন প্রকল্প বিংহ্যামটনের নর্থ সাইড এলাকায় সহায়ক আবাসনের 19টি ইউনিট যোগ করেছে

ইউনিটগুলি ভেটেরান, বিকাশগত দিক থেকে প্রতিবন্ধী, এবং পূর্বে কারাবন্দী ব্যক্তিদের আবাসনের ব্যবস্থা করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 4.3 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্প হাউজিং কানেকশন সম্পন্ন করার কথা ঘোষণা করেছেন, যা গৃহহীন ব্যক্তি এবং পরিবারের সেবা করার জন্য 19 ইউনিট সহায়ক আবাসন প্রদান করবে। রাষ্ট্রের গৃহহীন হাউজিং এন্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের মাধ্যমে অর্থায়ন করা হয়েছে, এই উন্নয়ন প্রাথমিকভাবে 18 থেকে 25 বছর বয়সী তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য স্থায়ী আবাসন এবং সহায়ক সেবা প্রদান করবে। এর মধ্যে থাকবে ভেটেরান, বিকাশগত দিক থেকে প্রতিবন্ধী এবং পূর্বে কারাবন্দী ব্যক্তি।

"প্রত্যেকেরই একটি স্থিতিশীল বাড়ি প্রাপ্য, বিশেষ করে আমাদের সবচেয়ে অসহায় বাসিন্দারা, এবং স্থায়ী সহায়ক আবাসন সারা রাজ্য জুড়ে গৃহহীনতা মোকাবেলায় নিউ ইয়র্কের অভূতপূর্ব অঙ্গীকারের একটি গুরুত্বপূর্ণ উপাদান," **গভর্নর কুওমো বলেন।** "এই প্রকল্প গৃহহীন নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারের মাথার উপর একটি ছাদ স্থাপন করবে, তাদের একটি স্থিতিশীল পরিবেশ এবং নির্ভরযোগ্য সহায়ক সেবা প্রদান করবে যা তাদের আবাসন অস্থিরতার অন্তর্নিহিত সমস্যা সমাধানে সাহায্য করবে।"

বিংহ্যামটনের নর্থ সাইড এলাকায় শহরের মালিকানাধীন ফাঁকা জমির উপর নির্মিত, দুই তলা 12,000 বর্গ ফুট কাঠামোতে চারটি এক বেডরুম ইউনিট, 10টি দুই বেডরুম ইউনিট, চারটি তিন বেডরুম ইউনিট, এবং একটি চার বেডরুম ইউনিট অন্তর্ভুক্ত। ফ্যামিলি এনরিচমেন্ট নেটওয়ার্ক (Family Enrichment Network) ভাড়াটেদের সহায়ক সেবা প্রদান করবে, যার মধ্যে রয়েছে ভাড়া সহায়তা, কেস ম্যানেজমেন্ট, চাইল্ডকেয়ার, চাকরির প্রস্তুতি প্রশিক্ষণ, এবং কাউন্সেলিং রেফারেল।

প্রকল্পটি স্টেটের গৃহহীন আবাসন ও সহায়তা প্রোগ্রাম থেকে 4.2 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নের উপর নির্ভর করে, যা অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিস (Office of Temporary and

Disability Assistance, OTDA) দ্বারা পরিচালিত হয়। উপরন্তু, সহায়ক সেবার জন্য তহবিল গভর্নর কুওমোর এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের মাধ্যমে প্রদান করা হবে, যা স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসেবিলিটিস (Office for People with Developmental Disabilities) দ্বারা পরিচালিত হয়। প্রকল্পের জন্য অতিরিক্ত তহবিল বিংহ্যামটন শহর দ্বারা প্রদান করা হয়।

প্রকল্পটি গভর্নর কুওমোর অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের পাঁচ বছরের আবাসন পরিকল্পনার অংশ, যা রাজ্য জুড়ে 7,000 ইউনিট সহায়ক আবাসন নির্মাণ বা সংরক্ষণে সহায়তা করেছে। এই প্রারম্ভিক অঙ্গীকারের উপর নির্মিত, গভর্নরের 2021 সালের রাষ্ট্রীয় বাজেট গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচীর জন্য উপলভ্য তহবিল 64 মিলিয়ন মার্কিন ডলার থেকে বাড়িয়ে 2022 সালের নির্বাহী বাজেটে 128 মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করেছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (New York State Office of Temporary and Disability Assistance) এর কমিশনার মাইক হেইন বলেন, "যে সব ব্যক্তি গৃহহীনতার অভিজ্ঞতা লাভ করেছে তাদের জন্য তাদের সমস্যার পেছনে অবদান রাখা অন্তর্নিহিত কারণগুলি সমাধান না করে আবাসন স্থিতিশীলতা অত্যন্ত বহমান হতে পারে। গভর্নর কুওমোর আবাসন পরিকল্পনার মাধ্যমে সমর্থিত অন্যান্য অনেকের মত বিংহ্যামটনের এই অর্থবহ প্রকল্পটি নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নিরাপদ, মর্যাদাপূর্ণ আবাসস্থান নিশ্চিত করার জন্য আমাদের দৃঢ় অঙ্গীকার প্রদর্শন করে।"

বিকাশমূলকভাবে অক্ষম মানুষদের জন্য নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office for People with Developmental Disabilities) এর কমিশনার থিওডোর এ. কাস্টনার, MS, MD বলেন, "বিংহ্যামটনের নর্থ সাইডে ফ্যামিলি এনরিচমেন্ট নেটওয়ার্কের মত প্রকল্প আবাসন অস্থিরতার সম্মুখীন ব্যক্তিদের জন্য বাস্তবিক কাঠামোর চেয়ে অনেক বেশি নির্মাণ করে, এগুলি তাদের পছন্দের একটি বাড়িতে বসবাসের সময় বিকাশগত দিক থেকে প্রতিবন্ধী ব্যক্তিদের তাদের কমিউনিটিতে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করার সুযোগ প্রদান করে। যে তিনটি এপার্টমেন্ট বিকাশগত দিক থেকে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উৎসর্গ করা হয়েছে, সেগুলি প্রত্যেক ব্যক্তিকে তাদের স্বতন্ত্র চাহিদা পূরণের জন্য সেবা প্রদান করবে এবং একই সাথে তাদের পছন্দের স্বাধীন জীবনযাত্রা প্রদান করবে।"

সিনেটর ফ্রেড আকশার বলেন, "আমাদের সম্প্রদায় দারিদ্র্যের বিরুদ্ধে লড়াই, গৃহহীনতা বন্ধ করতে এবং অভাবগ্রস্ত পরিবারের জন্য আরো সুযোগ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। আমি বিংহ্যামটনের মেয়র রিচ ডেভিড এবং তার দলের প্রশংসা করছি বিংহ্যামটনের নর্থ সাইডের মত এলাকার সাহায্য করার জন্য এবং গভর্নর কুওমো এবং তার দলের প্রশংসা করছি অভাবী সম্প্রদায়ের জন্য রাষ্ট্রীয় উৎসের ব্যবহার করতে দেওয়ার জন্য। এই ধরনের অংশীদারিত্ব আমাদের রাজ্য জুড়ে আরো প্রয়োজন।"

অ্যাসেম্বলিওম্যান ডোনা লুপারডো বলেন, "আমাদের সমাজে গৃহহীনতা প্রায়ই উপেক্ষা করা হয় এবং COVID মহামারীর কারণে সহায়ক সেবার প্রয়োজনীয়তা আরো গুরুতর। এই হাউজিং ডেভেলপমেন্ট, এর অপারেটর ফ্যামিলি এনরিচমেন্ট নেটওয়ার্কের মাধ্যমে গুরুত্বপূর্ণ সম্পদসহ, একটি স্বাগত সংবাদ। এটা অনেক অসহায় সম্প্রদায়ের সদস্যদের জীবনে উল্লেখযোগ্য প্রভাব ফেলবে।"

ব্রুম কাউন্টি এক্সিকিউটিভ জেসন গার্নার বলেছেন, "অন্যান্য অনেক কাউন্টির মতো ব্রুম কাউন্টিও আমাদের সম্প্রদায়ের স্থায়ী সহায়ক আবাসনের চাহিদা পূরণের জন্য কঠোর পরিশ্রম করছে। এটি সঠিক দিকে একটি অসাধারণ পদক্ষেপ এবং এই প্রকল্পকে বাস্তবে পরিণত হতে দেখে আমরা গর্বিত।"

বিংহ্যামটনের মেয়র রিচার্ড সি. ডেভিড বলেছেন, "এটাই ঘটে যখন সিটি ক্ষতিগ্রস্ত ভবনগুলো ভেঙ্গে ফেলার নেতৃত্ব দেয়, ফাঁকা জায়গাগুলো একত্রিত করে এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য জমি পুনর্নির্মাণ করে। যা তৈরি করা হয়েছে তা হচ্ছে আমাদের কিছু অসহায় বাসিন্দাদের জন্য নতুন আবাসন, যা নর্থ সাইড জুড়ে চলা কর্মচঞ্চলতা বৃদ্ধি করছে। এই প্রকল্প গৃহহীন ব্যক্তিদের জন্য আমাদের সম্প্রদায়ের সহায়ক আবাসনের ঘাটতি দূর করতে এবং গৃহহীনদের উল্লেখযোগ্য এবং দীর্ঘস্থায়ী ফলাফলের জন্য সরাসরি সম্পদে প্রবেশাধিকার প্রদান করতে সাহায্য করবে। আমি ফ্যামিলি এনরিচমেন্ট নেটওয়ার্ককে তাদের অংশীদারিত্বের জন্য এবং গভর্নর কুওমোকে এই প্রকল্পের প্রতি তার সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।"

ফ্যামিলি এনরিচমেন্ট নেটওয়ার্কের নির্বাহী পরিচালক ড্যারেল নিউভিন বলেন, "ফ্যামিলি এনরিচমেন্ট নেটওয়ার্ক আমাদের সম্প্রদায়ের চাহিদা পূরণে নিবেদিত এবং আমাদের হাউজিং কানেকশন প্রোগ্রাম খোলার ঘোষণা দিতে পেরে আনন্দিত। এই প্রোগ্রাম আমাদের বিদ্যমান হাউজিং উদ্যোগ সম্প্রসারণ করে এবং আমাদের এজেন্সির মিশনকে এগিয়ে নিয়ে যায়। এই প্রকল্পের মাধ্যমে আমরা আমাদের সম্প্রদায়ের গৃহহীনতা দূর করতে সাহায্য করব, যা আমাদের সম্প্রদায়ের নিরাপদ, সাশ্রয়ী এবং গুণগত মানের আবাসন প্রদান করবে, যা পরিবার এবং ব্যক্তিদের আবাসন স্থিতিশীলতায় পৌঁছানোর জন্য প্রয়োজনীয় সমর্থন এবং ক্ষমতায়নের জন্য ডিজাইন করা হয়েছে। আমরা সিটি অফ বিংহ্যামটন, NY-511, OTDA, OPWDD এবং আমাদের সম্প্রদায়কে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ জানাই।"

গৃহহীন আবাসন সহায়তা কর্মসূচি মুনাফাবিহীন সংস্থাসমূহ, দাতব্য এবং ধর্মীয় সংগঠন এবং পৌরসভাগুলিকে বিশেষ সাহায্য ব্যতীত নিজের উপযুক্ত আবাসন ব্যবস্থা করতে অক্ষম ব্যক্তিবর্গের জন্য আবাসন জোগাড়, নির্মাণ বা পুনর্বাসন করতে নগদ এবং ঋণ প্রদান করার জন্য 1.2 বিলিয়ন মার্কিন ডলারের মূলধন অনুদান প্রদান করে। প্রোগ্রামের 2020 সালের অনুদান চক্রের মাধ্যমে প্রকল্পের জন্য অতিরিক্ত 37.6 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া যাবে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন